



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ২৯/২০২৪

তারিখ-১২/০৫/২০২৪খ্রিঃ

বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ সংক্রান্ত জরুরী দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

আগামী ১৪ মে, ২০২৪ইং মঙ্গলবার বিকাল ৩.০০ ঘটিকায়, এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, চট্টগ্রাম কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়ে ইতোপূর্বে প্রচারপত্র নং- ২৫/২০২৪, তারিখ: ৩০/০৪/২০২৪ইং জারী করা হয়েছে।

আমরা সকলে অবগত আছি, সাধারণ সভা হচ্ছে সম্মানিত সদস্য/সদস্যদের অংশগ্রহণে সর্বোচ্চ নীতি নির্ধারণী সভা। উক্ত সভায় শুধুমাত্র এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যবৃন্দ উপস্থিত থেকে অংশগ্রহণ করতে পারেন। সুতরাং এসোসিয়েশনের বৈধ সদস্য/সদস্যা নন এমন কাউকে উক্ত সভায় অংশগ্রহণে উৎসাহিত করা বা সঙ্গে নিয়ে আসা থেকে বিরত থাকার জন্য সম্মানিত সদস্য/সদস্যগণকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

তবে ঢাকা, মোংলা ও বেনাপোলস্থ সিএন্ডএফ এজেন্টস/কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের নেতৃবৃন্দের জন্য উক্ত নিয়ম শিথিল করা হলো।

কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক